দৈনিক জনকণ্ঠ

MAY 24 2002

তারিখ ...
পৃষ্ঠা ৬ কলাম ৭

## বেসরকারী শিক্ষক কর্মচারীদের অবসর ভাতা প্রসঙ্গে

শিক্ষকগণ মানুষ গড়ার কারিগর। এ প্রসঙ্গে বেসরকারী শিক্ষকদের অবদান রয়েছে। বেসরকারী শিক্ষকগণ তাদের চাকরির মেয়াদ শেষ করে রিক্তহস্তে বিদ্যালয় থেকে অবসর গ্রহণ করে মানবেতর জীবনযাপন করেন। পেনশন, গ্র্যাচুইটি অন্যান্য আর্থিক সুবিধাবঞ্চিত এ শিক্ষকদের কথা কেউ চিন্তা করে না। বর্তমান সরকার বেসরকারী শিক্ষকদের জন্য অবসর ভাতা চালু করে ৫ জন শিক্ষককে এ ভাতার চেক প্রদান করেছে। প্রশ্ন হলো, এ ভাতা অবসরপ্রাপ্ত শিক্ষকগণ কখন থেকে পাবেন? কল্যাণ ট্রাস্টের অর্থ যে সাল থেকে শিক্ষকগণ পেয়ে যাচ্ছেন সেই সাল থেকে অবসর ভাতা প্রদান করা হলে দেশের অবহেলিত বেসরকারী শিক্ষক-কর্মচারীবৃন্দ হতে উপকৃত হবেন। বিগত সরকারের পূর্বে এ অবসর ভাতা চালু হয়েছিল সেদিকে লক্ষ্য রেখে দশ বছর পূর্বে যারা অবসর নিয়েছেন সে সব শিক্ষকগণ যাতে উক্ত অর্থ পান সে ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষক নেতৃবৃন্দের দৃষ্টি কামনা করছি।

**আবদুল হামিদ**
*অবসরপ্রাপ্ত শিক্ষক*
*ময়েজউদ্দিন উচ্চ বিদ্যালয়, ফরিদপুর।*